

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১৪৩৩/২৬

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬
১৫ আশ্বিন ১৪৩৩

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: স্থায়ী আমানতের সুদহার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

স্থায়ী আমানতের সুদহার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১৩৯৭/২৬ তারিখ: ২৯ এপ্রিল ২০২৬-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. পরিচালনা পর্ষদের ২৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৯০৩তম সভার অনুমোদনক্রমে ১ অক্টোবর ২০২৬ তারিখ থেকে কার্যকর করে স্থায়ী আমানতের সুদহার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো:

স্থায়ী আমানত	পুনঃনির্ধারিত সুদহার
৩ মাস ও তদূর্ধ্ব কিন্তু ৬ মাসের কম	৮.০০%
৬ মাস ও তদূর্ধ্ব কিন্তু ১ বছরের কম	৮.২৫%
১ বছর ও তদূর্ধ্ব কিন্তু ২ বছরের উর্ধ্ব নয়	৮.৫০%

বিশেষ ক্ষেত্রে বর্ধিত সুদহার প্রদানের প্রয়োজন হলে পরিচালনা পর্ষদের ২৫.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত ৭৫৪তম সভা এবং ৩০.০৫.২০২৩ তারিখে অনুষ্ঠিত ৭৬৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক ট্রেজারী ডিপার্টমেন্ট-ফ্রন্ট অফিসের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,


সঞ্জয় কুমার সরদার
উপমহাব্যবস্থাপক


মোহাম্মদ সাফায়েত হোসেন
মহাব্যবস্থাপক